


January 2021  
Volume 2, Issue 1

# Anweshan

## In Quest Of Dimension

*A Tribute to  
Param Guru  
Shri Dubey Baba*



**RAJ YOGA KRIYA YOGA MISSION**

Service to Atman is Service to Param Atman

स उ प्राणस्य प्राणः



# ANWESHAN

MOUTHPIECE OF RYKYM

Digital Edition: 4<sup>th</sup> January 2021

Volume – 2: Issue - 1


**Publisher:**

**RAJ YOGA KRIYA YOGA MISSION**

401, S. R. K, Paramhangsa Apartment.  
6, Dargah Tala Ghat Lane. Post, Bhadrakali  
Uttar Para, West Bengal 712232

**Copyright** © RAJ YOGA KRIYA YOGA MISSION

**Website:** [www.rykym.org](http://www.rykym.org)



**সংঘ মাতা - Sangh Mata:**

শ্রীমতী সুজাতা রায় (Srimati Sujata Ray)

**সম্পাদক মণ্ডলী - Editorial Team:**

পাপিয়া চ্যাটার্জী (Papia Chatterjee)

সাকেত শ্রীবাস্তব (Saket Shrivastava)

সুদীপ চক্রবর্তী (Sudeep Chakravarty)

**গ্রাফিক্স ডিজাইন এবং আর্ট ওয়ার্ক –**

**Graphics Design and Artwork:**

দীপাঞ্জন দে (Dipanjan Dey)

সুজয় বিশ্বাস (Sujay Biswas)



# অন্বেষণ

রাজযোগ - ক্রিয়াযোগ মিশন - এর মুখপত্র

পঞ্চম ডিজিটাল সংখ্যা

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে ।  
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ।  
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

ওঁ

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম |  
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥




স উ প্রাণস্য প্রাণঃ  
রাজযোগ ক্রিয়াযোগ মিশন



CONTENT

1. Editorial	5
2. ক্রিয়াবানের দিনলিপি (Kriyaban's Diary Entry)	6
3. গুরু-শিষ্য কথা ( With English Translation)	7
4. স্মৃতিপটে গুরুদেব	9
5. মানসপুত্র (with Hindi & English Translation)	12
6. Why to do Kriya?	39
7. তোমার পথ	40
8. Going Beyond Identities to Becoming Free	41
9. Master-Disciple Tradition	42
10. मन बार-बार विषयों की तरफ क्यों भागता है ?	44
11. Reflections	46
12. Food Consumption and their Interdependence with Yoga – Part 3	49
13. Looking back at 2020	52
14. অনুভূতির আলোকে (পরমগুরুর চরণে নিবেদিত)	53
15. জগৎ সংসার ও যোগী	54
16. ক্রিয়াযোগ কেন করব (with English Translation)	62
17. Some Quotes of Gurudeva Acharya Dr. Sudhin Ray with Explanation	63



\*প্রকাশিত লেখার বক্তব্য লেখকের নিজস্ব এবং এর কোনোওরূপ দায়িত্ব মিশন কর্তৃপক্ষের নয়।

\*प्रकाशित आलेखों में व्यक्त किए गए विचार लेखक के निजी हैं, तथा राज योग क्रिया योग मिशन उनके लेख के लिए किसी भी प्रकार से उत्तरदायी नहीं है

\*Views, thoughts, and opinions expressed in the articles belong solely to the author, and not necessarily to the Raj Yoga Kriya Yoga Mission.



## Editorial

*'According to the scriptures, a person's age is calculated by the number of breaths he takes. In 24 hours, a normal human being takes 216,000 breaths, inclusive of inhalations and exhalations. Practicing Pranayama makes the breath longer and reduces the total number of breaths, therefore increasing the life span. Pranayama is a wonderful and unique invention of our sages. Today's science also recognizes the importance of Pranayama. Even physicians also recommend deep breathing for heart and blood pressure patients. Pranayama provides enough oxygen to the body and thus keeps it healthy. When the fickle nature of the life force (prana) ceases through pranayama, it rises through Sushumna and takes the Kriya Practitioner to Brahmāloka (realm of Brahma), offering salvation.'*

\*\*\*\*\*

*'There is not an iota of doubt in the salvation of those Kriyabans who worship Kootastha daily during Kriya practice, using the method prescribed by the Guru. Pranayama plays a pivotal and important role in the entry passage of Kootastha. Therefore, our advice to the Kriyabans is to do pranayama diligently and faithfully. Shri Lahiri Mahashaya and his disciples have fulfilled all the worldly responsibilities like an ideal householder, and by doing spiritual practice (Kriya) at night, they also attained God.'*

– **Excerpts from the translated version of Sri Maheshwari Prasad Dubey's book – 'Kriya Yoga Rahasya'**

Kriya Yoga – the ancient meditation technique of energy and breath control, is being currently imparted to us by our Gurudev Sri Sudhin Ray, who himself received it from his Guru Sri Maheshwari Prasad Dubey, as a part of Lahiri Mahashaya and Panchanan Bhattacharya's Guru lineage. Sri Maheshwari Prasad Dubey is considered as one of the prominent sadhaks in the tradition of Kriya Yoga, who had profound expertise on Geeta and Vedas. It is our immense fortune that we are associated with this great Guru Lineage in the form of Kriya Yoga, and it should be each one of our endeavor to devote ourselves whole-heartedly to this path, so that we can be at least a step closer on this spiritual journey.

January 4<sup>th</sup> marks the advent or the birthday of our Param Guru Sri Maheshwari Prasad Dubey, and this year on the occasion of his 85<sup>th</sup> Birthday celebration, we dedicate our digital magazine, *Anweshan's* January 2021 edition to the revered feet of Dubey Baba.

| Om Sri Guruve Namah |



## ক্রিয়াবানের দিনলিপি

আজ্জ জরুরি লেখার সময় অবস্থিলাম, খুব বহুর হল ক্রিয়া করছি, কি পাচ্ছি? আমি ক্রিয়া কিছু পাবার জন্য করিনি। আমি ঐশ্বরকে তার গুরুদেবকে অনুরোধ করে ক্রিয়া করি। কিন্তু ক্রিয়া ঠিক হচ্ছে কিনা এটা জানাও যে দরকার। প্রথম প্রমাণ হল পবিত্রতা। এক একটি দিন অতিবাহিত হচ্ছে আমি তারা পবিত্র হচ্ছে। জগত চাচার অন্যান্য অনুরোধ আমার শরীরে দিচ্ছে। আমি বুঝছি বিশ্ব জগত আমার অপন।

২০২০ চান আমার জন্য অহু ছিলনা। অনেক উদ্বলপাবানের মধ্য দিচ্ছি গাছি। আমি শুধু ক্রিয়া, গুরুদেব তার লাহিড়িবাবাকে ধরছিলাম। তাদের কৃপা তার আশির্বাদ আমাকে উদ্ধার করেছে। এই উপলক্ষিত এসেছি যে যদি কেউ নিষ্ঠাতর ক্রিয়া করে, কোন উচ্চতর শক্তি - তা আবে যে নামই অকি মা, গুরুদেব, লাহিড়িবাবা বা আত্মা তিনি সব সময় আমাদের পাশে থাকেন জীবনভর।

## Kriyaban's Diary Entry

*While writing my diary, I was thinking today, for the past six years I'm practicing Kriya, what did I achieve? Not that I am doing Kriya to get something, yet there must be some pointers to make sure that I am going in the right direction. The first and foremost achievement would be Purity of "body and mind"; with each passing day I am more and more pure. A loving kindness has engulfed me, today I feel the whole world is my own.*

*2020 was not an easy year for me. Lot of turmoil. I had held Kriya, my Gurudev and Lahiri Baba. Only their blessings pulled me out through this tumultuous journey. I realized one thing so long as you do your Kriya diligently, some higher power, you can name it Mother, Gurudev or Lahiribaba or Atman will be beside you throughout your life.*



## “গুরু-শিষ্য কথা”

- আচার্য্য শ্রী ডঃ সুধীন রায়

সংসারে কিভাবে থাকবো? সংসারে দাস ভাব নিয়ে থাকবে। ভগবান সবাইকে সেবা করার জন্য পাঠিয়েছেন। সব সময় ভাববে ‘আমি তাঁর কাজ করতে এসেছি’। তখন সেবা’ই সমর্পণ হয়ে যাবে।

সংসার একটা আশ্রম। এই সংসারের কেউ কারোর নয়, নিজের ভাবলেই কষ্ট পাবে। আমি, আমার বোধটাই বাধা, এই বোধই কষ্ট দেয়। কেউ যে কারো নয় - এই বোধ যত তাড়াতাড়ি আসে ততই মঙ্গল। যদি ভাবো তাঁর সংসারে আমি কাজ করতে এসেছি, তাহলে মনও হালকা হয়ে যাবে। তখন অহংকারও থাকবে না।

সঠিক ভাবে থাকলে মনই বলে দেয়, একলাই এসেছো, তাই তোমার কাজ হল ভগবানের সংসারে সকলকে সেবা করা। সেবাই ধর্ম।

মন শরীরের প্রধান। সে সব জায়গায় ছড়িয়ে আছে, আর তার ঠিকানা হচ্ছে আঞ্জা চক্র। যে কোনো অসুবিধায় তাঁকে স্মরণ করলে সমাধান হয়ে যাবে। সংসারে থাকলে বিষ তো থাকবেই। সেটা সহজে হজম হয় না। তাই শিবত্বের দরকার। সঠিক অবস্থায় আসতে চাইলে সঠিকভাবে প্রাণায়াম করতে হবে, তবে তো সব খবর তাঁর কাছে সহজ ভাবে পৌঁছাবে। সেই জন্য মনকে পরিষ্কার করে তাঁর কাছে কিছু পাঠাতে হলে অহং কে তাড়াতে হবে।

মায়ায় বদ্ধ সংসারী মানুষের জাগতিক ভাব আছে, তাই উঠা-পড়া ভালো-মন্দ সব আছে। মায়াই তো শক্তি। কুলকুণ্ডলিনী যখন উঠতে উঠতে উর্ধ্ব কর্ণিকায় স্থির হয়, তখন চরম শান্তি লাভ হয়। বোঝাবার জন্য বলা হয় মহামায়া, যোগমায়া - এই দুই মায়ার মিলন স্থান হচ্ছে কূটস্থ। নিচের দিকে মহামায়া, আর আঞ্জাচক্র থেকে সহস্রার পর্যন্ত যোগমায়া। মন যখন সূক্ষ্ম হয়ে যায় তখন নির্গুণ ও সগুনের মিলন।

নিজের লোকদের জন্য যে মায়্যা - সেটা মায়্যা নয়। ভগবান আছেন কি না - এই সন্দেহই হচ্ছে মায়্যা। আর এই সন্দেহ যখন দূর হয়, তখন সে যে অবস্থা - সেটাই সমাধি।

### • জ্ঞান দেহ কি?

ভগবান আছেন, আর সব সময় আমার মধ্যেই আছেন - এই বোধ যে দেহে স্থায়ী হয়, সেই দেহই জ্ঞান দেহ।

### • কৃপা কি করে পাবো?

আগে ভাবো, তুমি কৃপা পাবার জন্য যোগ্য কি না। তোমার ভাবনা চিন্তাই তো তোমাকে নিয়ে যাচ্ছে। তুমি তো সেই বীজ নিয়েই জন্মেছ। যদি দেখো ভুল করাটা তোমার ভাল লাগছে, তবে এ জন্মেই তার ফল ভোগ করতে হবে। সেই জন্য জমাটা খরচ করে ফেলো। তখন পাত্র শূন্য হয়ে যাবে। শূন্য পাত্রেই কৃপা আসে।

(Translation)

### Guru-Disciple Talk – Gurudeva Dr. Sudhin Ray

How should one stay in the world? One should stay in the world considering himself as a servant (bhav) who has been sent by God in this world to serve. One should always think that one has arrived in this world, only for carrying out HIS assigned works. If one lives in this world with this thought in mind, then the service itself would transform to surrender.

The world is an ashram where no one belongs to anyone. Hence considering someone as one’s own, will only cause sufferings, miseries, and pain. The very feeling of 'Me' or 'Mine' is the hurdle that generates miseries. The earlier the realization that no one belongs to one arises, the better it is. If one realizes that he has arrived in this world for



carrying out His duly assigned works, the mind shall become light and one would no longer remain arrogant.

If one leads a righteous life, then one's mind itself gives the indication that one has arrived all alone in the world, and therefore, it is one's solemn duty to serve everyone in the world created by God. Serving is Dharma (religion).

Mind is the principal entity of body that remains scattered throughout, and its seat is in the Ajna/Aagya Chakra. In the event of any turbulent situation, mere remembering itself would pave the right way. So long as one is in the world, one cannot remain immune to the poison that otherwise is hard to digest, and therefore, there's the need of *Shivatwa*. To reach the proper state of mind (*avastha*), one should practice kriya properly. Only then all messages would reach Him easily; and to send the messages such that those messages reach Him easily, one should keep the mind immaculate by shedding arrogance and ego.

A man engrossed in maya (illusion) has worldly feelings (*bhav*), and hence is prone to the worldly life's ups and downs, good and bad or duality. Maya is the energy. When Kulakundalini by way of its ascent, gains stasis in the highest cells (Sahasrasar), an ultimate peace dawns upon man. The same is explained through the concept of Mahamaya and Yogmaya, with Kutastha being the synthesis point of the two. While Mahamaya is in the lower portion, Yogmaya's presence is from Ajna chakra to the Sahasrasar chakra. When the mind becomes

extremely subtle, the fusion of Nirguna and Saguna happens.

The maya (emotional attachment) for one's own near and dear ones is not really maya. Instead, the thought that whether God exists or not, this very doubt is Maya. When this doubt itself ceases, the state that arises is Samadhi.

### What is Gyan Deha (Knowledge Body)?

When the sense (bodh) that "God exists and always resides in me" becomes permanent and steady in a body, then that body is Gyan Deha (Knowledge Body).

### How will one receive Kripa (benediction)?

First understand whether or not you are appropriate for receiving Kripa. You are proceeding according to your thinking that is but inseminated within you. If you observe that you enjoy the wrongdoings, then you shall have to reap the results of it in this very birth. Hence spend whatever karma you have accumulated, so as to empty the vessel making it shunya (nothingness). Kripa (benediction) comes only in such an empty vessel.



*RYKYM Guru Lineage*





## “স্মৃতিপটে গুরুদেব”

(অশ্বেষণ মুদ্রিত দ্বিতীয় সংখ্যা - ১লা জানুয়ারী, ২০১২ থেকে পুনঃপ্রকাশিত)

- গুরুদেবের একান্ত ভক্ত

আমার বন্ধুবর ও সতীর্থ রাজযোগ-ক্রিয়াযোগ মিশনের উদ্বোধক - শ্রী সুধীন রায়ের অনুরোধে এই প্রতিবেদন। আমাদের গুরুদেব প্রচার বিমুখ ছিলেন, সেই কথা মনে রেখে স্বল্পপরিসরে প্রতিবেদনটি সীমাবদ্ধ রাখলাম।

আমার ক্রিয়াযোগ প্রবেশের পূর্বে আমার পূজ্য পিতৃদেবের কথা প্রথমেই মনে পড়ে। মহাপ্রয়াণের প্রাক্কালে তাঁর কয়েকটি কথা মনে এক চেতনার সঞ্চারণ করে। না-হ্যাঁ-এর (মা-য়া) দোলচলে থাকার টানে এক নতুন চিন্তার উদয় হয়। গভীর মননের পর আমার এক প্রতিবেশীর (যিনি পূর্বে গুরুদেবের কাছে ক্রিয়াপ্রাপ্ত ও বর্তমানে প্রয়াত) অনুপ্রেরণাতে গুরুদেবের সঙ্গে সাক্ষাৎ হয়। এক শুভদিনে আমি স্ত্রী ও কন্যা সহ গুরুদেবের বাড়িতে যাই।

প্রথম আলাপচারিতায় পিতৃদেবের প্রতিচ্ছবি ও তাঁর কথার প্রতিধ্বনি শুনতে পেলাম। সাংসারিক দায়িত্ব অবহেলা না করেও জগতের এক মূর্ত্ত প্রতীক। অভীষ্ট পথের দিশা নির্দেশক মনে করে অনেক কথা জানাই। প্রকৃত বন্ধুর মত সাহায্যের প্রতিশ্রুতি দিলেন। সাথে কথা আদায় করলেন যে সাধনপথে অগ্রসর হবার জন্য যেন আমাদের আন্তরিক চেষ্টিত যেন কোন অভাব না হয়। সেই দিন তাঁর কথায় বুঝলাম যে বাহ্যিক পৌত্তলিকতার উর্ধ্বে গিয়ে সাধনা করা দরকার - সব দেবতার স্থান তো আমাদের দেহের মধ্যেই। গুরুদেব, যোগীগুরু শ্যামাচরণ লাহিড়ী মহাশয়ের ‘পুরাণ পুরুষ’ গ্রন্থটি পড়তে বলেন। বইটি পড়ে অনুধাবন করলাম যে যোগীগুরু প্রবর্তিত ক্রিয়াযোগ এক অমূল্য সম্পদ। আমাদের গুরুদেবের কথায় - ভালোভাবে করলে সুরে ফল পাবে (সূক্ষ্ম শরীরের উন্নতি) নতুবা অসুরে ফল পাবে (দেহের উন্নতি) - বিফলে যাবে না। এক শুভদিনে দাদাগুরুর নামাঙ্কিত এক আশ্রমে

আমাদের মধ্যে চেতনার সঞ্চারণ করলেন। গুরুবরণ করার পরেও বলতে দ্বিধা নেই যে সন্ধিগ্ন মনে গুরুদেবের জ্ঞাতসারেই গুরুদেবের পরীক্ষাও করলাম। ব্যাস, তারপর চরৈবেতি। আজও চলছি তাঁর প্রদত্ত পথে, তাঁর উপদেশ মতো - যতটা সম্ভব আন্তরিকতার সঙ্গে।

ধর্মজগতের শিক্ষক হয়েও তিনি আমাদের পারিবারিক বন্ধু আজও। বিদ্যাসাগর কলেজ থেকে পড়াশোনা সাজ করে পিতার অবসরহেতু চাকরী জীবনে প্রবেশ করেন। Port Trust-এর এক প্রখ্যাত জাহাজ কোম্পানির অফিসে। আমি কয়েকবার তাঁর অফিসে দেখা করতে যাই। সেখানে সহকর্মী ও উর্দ্ধতন সহকর্মীদের তাঁর ভূমিকা যথেষ্ট সন্তোষজনক বলেই দেখলাম। প্রয়োজনে তাঁকে Overstay করতে হত। কিন্তু রাত ২টার পর তাঁর নিজের সাধন জীবন। ছুটির দিন প্রায়শই অনুরোধ করতাম আমাদের বাড়ি আসার জন্য। সেখানেও দেখতাম রাত ২টার পর সবাইকে উঠিয়ে দিতেন। অখন্ড থেকে খন্ডে অবরোহন ও খন্ড থেকে অখণ্ডে আরোহন এটাই তাঁর জীবনে লক্ষণীয় ছিল। তাঁর মহাপ্রয়াণের পর আজও আমার লক্ষ্য এসেছে যখন আমার এক সতীর্থ কঠিন অসুখে আক্রান্ত অন্তরীক্ষ থেকে তিনি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এটাই বোধহয়, মর্ত্যলোকের সাধনার পথে কম সময়ে উন্নতি করার জন্য দাদাগুরু তাঁর জীবদ্দশাতে আমাদের গুরুদেবকে দিয়ে দীক্ষাদান করাতেন। কলেজে পড়াকালীন তাঁর দীক্ষা হয়। ফলে ছুটির দিন তাঁর সময় কাটতো দাদাগুরুর বাড়িতে ক্রিয়ার কাজকর্মে। গুরুদেবের কিছু সতীর্থদের সঙ্গে আমার সাক্ষাতের সুযোগ হয়। তাঁদেরও দেখেছি গুরুদেবের সান্নিধ্য প্রায়শই আসতেন উন্নতস্তরে সাধনার আলোচনার জন্য।



গুরুদেব মাঝে মাঝেই আমাদের সঙ্গে আলাপচারিতায় প্রায়শই কোনও সতীর্থকে কানে কানে তার সাধনার ক্রটির কথা বলতেন। এতে আমাদের শুদ্ধিকরণ হত। আমাদের অলক্ষ্যেও আমাদের উপর নজর রাখতেন - তারও নিদর্শন বহুবার পেয়েছি। তাঁর অথঙে বিচরণ আমাদের নজর এড়ায়নি। তাঁর অনুশাসন আমাদের সঠিক পথে চালনা করতে সাহায্য করত। একবার তিনি গোরক্ষপুরের গ্রামের বাড়িতে। আমার দুই সতীর্থকে নিয়ে সেখানে যাই। পরিশ্রমসাধ্য ভ্রমণ শেষে যখন পৌঁছই গুরুমা আমাদের খাবারের ব্যবস্থা করেন। গুরুদেব বললেন আজ তো তোমাদের ক্রিয়া হয়নি। এস খাবারের পূর্বে একটু ক্রিয়া করে নেওয়া যাক। যোগীগুরু পঞ্চগনন বাবা বলতেন ক্রিয়া না করে কোনওদিন অন্নগ্রহণ পাপ।

পাঠকগণ মনে রাখবেন গুরু সান্নিধ্য ক্রিয়ায় সাহায্য করে। গুরু সান্নিধ্যের লোভে আমি স্ত্রী কন্যাকে নিয়ে গুরুদেবের সঙ্গে কেদার দর্শনে যাই। সেদিন মন্দির খোলার প্রথম দিন। রাতের বেলায় কেদারে গুরুদেবের সঙ্গে ক্রিয়া - সেদিন এক অনুভূতি পেয়েছিলাম। গুরু সম্পর্কে আন্তরিকতার ফল অপরিসীম। আমার দুই সতীর্থের সঙ্গে ১৯৮৮-৮৯ পূর্ণ কুম্ভে এলাহাবাদে যাই। গুরুদেব আগেই যান। ঐ বিরাট প্রাঙ্গণে গুরুদেবের সঙ্গে সাক্ষাৎ-এর কোনও উপায় নেই দেখে যখন আমরা ফিরবার উপক্রম করছি - এক অলৌকিক শক্তি আমাদের গুরুদেবের tent-এ নিয়ে যায়। আমাদের সাথে গুরুদেবও অভিভূত। সেখানে কেউ গুরুদেবকে চেনে না। মেলা পরিচালক ভারত সেবাশ্রম সংঘের কেউ কেউ আমার পরিচিত ছিলেন। তাঁরাও কোনো নির্দিষ্ট হৃদিস দিতে পারেন নি। কিন্তু গুরুদেবের প্রতি আমাদের আন্তরিক ভালোবাসা আমাদের যথাস্থানে নিয়ে যায় এক অলৌকিক শক্তির মাধ্যমে।

গুরুদেব দীর্ঘকাল আমাদের সঙ্গে থাকার পর, যতটা দেবার দিয়ে বোধহয় প্রস্তুতি নিচ্ছিলেন লীলাসংবরণ করার জন্য। প্রকৃতির নিয়মেই স্থূলদেহ ত্যাগ করতে হয় নিত্যধামে যাবার জন্য। প্রভাসতীর্থে শ্রীকৃষ্ণ ব্যাধের তীরের আঘাতপ্রাপ্ত হয়ে দেহত্যাগ করেন। ঠাকুর শ্রীরামকৃষ্ণের কথাও আমাদের অজানা নয়। সংসারে কাহারও প্রয়োজন মেটাতে আমাদের

গুরুদেবকে বাহ্যিক দেহ পরিত্যাগ করতে হয়। উপকৃত উপকারীর উপকার কোনও দিন ভুলবে না। ১৬.৭.২০০৪ (৩১ আষাঢ়, ১৪১১) ভোর ৫-১৫ মিনিটে দূরভাষে খবর এল গোরক্ষপুরে গুরুদেব মর্ত্যধাম ত্যাগ করেছেন। মহাপ্রয়াণের দু সপ্তাহ পূর্বে আমরা কয়েকজন সতীর্থ মিলে তাঁর গোরক্ষপুরে বাড়িতে শেষ গুরুপূর্ণিমা করি। সেখানে তিনি ইঙ্গিত দেন, রক্তমাংসের দেহে আমাদের শেষ আশীর্বাদ করেন। কিন্তু আজও তাঁর আশীর্বাদ পাচ্ছি। এতো আধ্যাত্মিক জগতের সম্পর্ক। এ কখনোও লুপ্ত হয় না। গুরুদেবকে শতকোটি প্রণাম।

পরিশেষে পাঠকবর্গের কাছে অনাহত নিবেদন - (১) গুরু সম্পর্ক বজায় রাখবেন, (২) আন্তরিকতা অবশ্যই বাড়াবেন, (৩) ক্রিয়ার কথা ও অনুভূতির সম্পর্কে গুরুদেবের সঙ্গে আলোচনা করবেন, (৪) ক্রিয়া নিভূতে করাই বাঞ্ছনীয়। - এই প্রসঙ্গে লাহিড়ী মহাশয়ের বাড়িতে যোগীবর প্রণবানন্দর সঙ্গে বাবাজী মহারাজের কথোপকথন মহামহোপাধ্যায় জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় সংকলিত প্রণবগীতার অবতরণিকার এক অংশ (পাঠকগণকে উদ্বুদ্ধ করতে পারে ভেবে) উদ্ধৃত করলাম। প্রসঙ্গত উল্লেখ্য যে শ্রীমৎ স্বামী প্রণবানন্দ গিরি মহাশয় যোগীগুরু শ্যামাচরণ লাহিড়ী মহাশয়ের নিকট যোগদীক্ষা নেবার বহু পরে তাঁহার উপদেশমত সংসার জীবনে (চাকুরীরত অবস্থায়) প্রবেশ করেন, আবার লাহিড়ী মহাশয়ের জীবদ্দশাতে সংসারধর্ম ত্যাগ করিয়া কৈলাস মঠের আত্মানন্দ গিরির নিকট সন্ন্যাস ধর্মে দীক্ষিত হন। কিন্তু প্রায়ই স্বীয় গুরু লাহিড়ী মহাশয়ের গুরুডেশ্বর বাড়িতে যেতেন। একদিন তিনি বাবাজী মহারাজের সান্নিধ্য পাবার অভিলাষ জানান। অতঃপর লাহিড়ী মহাশয় একদিন স্বীয় সন্ন্যাসী শিষ্যকে তাঁর গৃহে ভিক্ষাগ্রহণ করিবার জন্য নিমন্ত্রণ করিলেন। সেদিন এক ১৪/১৫ বছরের যুবক খালি পায়ে, খালি গায়ে, গলায় পৈতা-পাড়াগাঁয়ে ধরনের চেহারায় আসিলেন। প্রবেশমাত্র আদেশ করিলেন প্রণাম করিবার জন্য - ইনিই আমাদের গুরু বাবাজী মহারাজ। যেখানে কথোপকথনের উদ্ধৃতি এইরকম (যেমন অবতার লিপিতে আছে।)



স্বামীজী - আপনার বয়স কত?

বাবাজী - কেন? তুই বল দেখি কত?

স্বামীজী - মনে তো হয় ২৪/২৫ বৎসর।

বাবাজী - আমার বয়স কত শুনবি? চার কল্প চলছে।

স্বামীজী - কল্প কত বৎসর?

বাবাজী - কলিতে মানুষের পূর্ণমাত্রা আয়ু ১২০ বৎসর। তাহারই নাম কল্প। সেই এক কল্পে মানুষ বাল্য হইতে বার্ধক্য অবস্থা পর্যন্ত ভোগ করে সাধনা দ্বারা বেঁচে থাকলে তার দ্বিতীয় কল্পে আবার যৌবন আসে এবং সেই যৌবনেরই জোয়ার-ভাঁটা হয় মাত্র, বার্ধক্য আর আসে না। এমনি করে কল্পের পর কল্প যেতে আসতে থাকে। আমার তিন কল্প চলে গিয়ে এই চার কল্প প্রায় পূর্ণ হতে চললো।

স্বামীজী - ইচ্ছে করলেই কি বেঁচে থাকা যায়?

বাবাজী - যায়। সাধনা চাই।

স্বামীজী - এই রকমে কতদিন বেঁচে থাকবেন?

বাবাজী - মনে ইচ্ছে আছে কঙ্কিকে উপদেশ দিয়ে শরীর ত্যাগ করবো।

গুরুদেব শতকোটি প্রণাম।

বাবাজী মহারাজ কে শতকোটি প্রণাম।

জয় গুরুদেব।।

আমি এই দেহেই আছি; কিন্তু জীবভাব তাহা না জানায় আমার উদ্ধার হয় না অর্থাৎ আমার দেহ হইতে দেহান্তর প্রাপ্তি হয়। ইহাই আমাকে কষ্ট দেওয়া। ...

দেবতা - বহির্লক্ষ্যে প্রতিমাদি, অন্তর্লক্ষ্যে কূটস্থ চৈতন্য।

দ্বিজ - বহির্লক্ষ্যে উপবীতধারী, অন্তর্লক্ষ্যে যাহার কূটস্থের জ্ঞান হইয়াছে।

গুরু - বহির্লক্ষ্যে যিনি কর্ণে মন্ত্র দেন, অন্তর্লক্ষ্যে যাঁহার বাহ্যভ্যন্তর শুদ্ধি হইয়াছে।

৬ষ্ঠ অঃ ২২শ শ্লোক, গীতা



## মানসপুত্র

- অমিতাভ দত্ত



আত্মজ অর্থাৎ আত্ম থেকে জাত; আক্ষরিক অর্থে পুত্র বা লিঙ্গভেদে আখ্যায়িত কন্যা।

আত্মজ - স্থূল অর্থে পিতৃ বীজ মাতৃ গর্ভোদকশায়ী বীজের মিলনে সৃষ্ট জীবাত্মা ভ্রূণ। ভ্রূণ প্রথমাবস্থায় দ্বিধাবিভক্ত হয়ে উপরে ব্রহ্মবিন্দু ও নিচে প্রকৃতিবিন্দু রূপ নেয়। ব্রহ্মবিন্দুটি তেজ রূপে প্রকৃতিবিন্দুর ভেতরে-বাইরে থাকে। প্রকৃতিবিন্দুটিই জীবের কারণ শরীর - যা হতে ক্রমে সূক্ষ্ম শরীর ও স্থূল শরীর সৃষ্টি হয়। সূক্ষ্ম শরীর - পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয়, পঞ্চ তন্মাত্রা, মন, বুদ্ধি এবং অহঙ্কার দ্বারা সৃষ্ট। অন্তময় স্থূল শরীর পঞ্চ মহাভূত দ্বারা সৃষ্ট - যা জন্মায়, বৃদ্ধি পায়, রূপ পরিবর্তিত হয়, ক্ষয় হয় এবং অন্তে বিনাশ হয়।

অপরপক্ষে, গূঢ় যৌগিক অর্থে দেহস্থিত পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্মেন্দ্রিয় - এই সম্মিলিত দশ ইন্দ্রিয় দ্বারা সৃষ্ট, দশ দিকে দিকে ধাবিত, শত প্রবৃত্তি মনোবৃত্তি কৌরব এবং তার সাথে সুষুন্না স্থিত ষটচক্রের নিম্ন পঞ্চ চক্র দ্বারা সৃষ্ট পঞ্চ নিবৃত্তি বুদ্ধিবৃত্তি পাণ্ডব - এরা সবাই আত্মজ।

আত্ম এবং আত্মজ প্রকৃত পক্ষে এক এবং অভিন্ন। সেই এক'এর থেকেই বহু'র সৃষ্টি। সে নিজেই গুরু আবার নিজেই শিষ্য, একাধারে কৃষ্ণ এবং অর্জুন। সাধক নিজেই নিজের অন্ত:করণকে অর্জুন রূপে প্রশ্ন করে আর তার সেই অন্ত:করণ কৃষ্ণ রূপে প্রশ্নের উত্তর দেয়। সাধারণ সাধক যোগের শুরু পর্যায়ের নিজ বুদ্ধিবৃত্তি-পাণ্ডব দ্বারা নিজেরই মনোবৃত্তি-কৌরব সমূহের বিনাশের ভয়ে চিন্তিত হয়ে সাধন রূপী ধনুর্বাণ ত্যাগ করতে চায়। সে ভাবে, - সাধনের ফলে ইন্দ্রিয় নাশ হলে তার সন্তান লাভের ইচ্ছে চলে গিয়ে কুলক্ষয় হবে। সাধনার উচ্চ স্তরে গেলে মাত্রই সাধকের কুল অর্থাৎ 'আত্ম' - এই সঠিক বোধ আসে। তখনই সে সেই সুদীর্ঘ সাধনার ফল - 'আত্মজ' এর সঠিক অর্থ উপলব্ধি করতে পারে।

- \* \* \* -

এক শক্তিশালী চুম্বক কোনও চৌম্বক ক্ষমতা সম্পন্ন পদার্থকে সহজেই চিনে নেয়। একইভাবে, এক সাধক যোগী পুরুষ শ্রী মহেশ্বরী প্রসাদ দুবে'জী কোলকাতার SSKM মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে অজানা-অচেনা এক বায়োকেমিস্ট্রির তরুণ বৈজ্ঞানিক ডক্টর শ্রী সুধীন রায়'কে দেখামাত্র সহজেই চিনে নেন তার ভেতরের আধার ক্ষমতা এবং সেটা সেই যোগী পুরুষ বলেও ছিলেন তাঁর শিষ্য সহযোগীদের- 'দেখে রাখো, ভাল করে - এই ছেলেটিকে, এ অনেক দূর যাবে এবং ভবিষ্যতে অনেককে পথ দেখাবে'। যদিও সেই মুহূর্তে তরুণ বৈজ্ঞানিক নিজের প্রকৃত স্বরূপের বিষয়ে ছিলেন আত্ম-বিস্মৃত।



SSKM PG হাসপাতালের লিফ্টে পিছন থেকে হঠাৎ ডাক শুনে ঘাড় ঘুরিয়ে দেখে তরুণের মনে হয়েছিলো পেছনায় চেহারার দশাসই পালোয়ান এক কুস্তিগীর, যদিও আশ্চর্যজনক রূপে চোখ-কপাল তাঁর বড়ই অন্যরকম। আরোও বেশি আশ্চর্য হয়েছিলেন কাজ সেরে ফেরার সময় তাঁর কথায় - 'তোমার সঙ্গে আমার আবার দেখা হবে'।



এই ঘটনার প্রায় 10/12 বছর পর, একদিন তরুণ কর্মস্থল থেকে বাড়ি ফিরছেন, বাসে দেখা বন্ধু শ্রী রুদ্র ভট্টাচার্য্য মহাশয়ের সাথে। বন্ধুর চেহারাতে বিশেষ কিছু পরিবর্তন লক্ষ্য করে প্রশ্ন করে জানলেন সুকঠিন



ক্রিয়াযোগ'এর কথা। আরও জানলেন সেই যোগ শিক্ষা দেওয়ার অধিকারী ব্যক্তি গুরুদেব দুবে'জীর সুদূর গোরক্ষপুরে নিবাস এবং স্বল্প সময় মাত্র কোলকাতায় থাকার কথা। ক্রমে এই বিষয়ে আগ্রহ বাড়তেই থাকলো।

ক্রিয়া যোগ দীক্ষা নেওয়ার প্রবল ইচ্ছে। দু-এক জায়গায় গেলেনও, কিন্তু সঠিক যোগাযোগ হচ্ছে না। বন্ধু রুদ্রর কাছে ক্রিয়ার কথা শোনারও প্রায় দুই বছর পর, হঠাৎ জানা গেল, সেই গোরক্ষপুরবাসী যোগীপ্রবর কলকাতার নিমতলাতে আছেন। একদিন নিমতলা গেলেনও, কিন্তু দেখা হলো না। 1992 সালের এক রবিবার; দুবেজীর সাথে দেখা করার উদ্দেশ্যে বন্ধুর সাথে বেরলেন। সেদিনই দুবেজীর গোরক্ষপুরে ফিরে যাওয়ার কথা। ছোটবেলা থেকেই সর্প-দর্শন সুধীনের জীবনে শুভবার্তা বয়ে আনে, সেটা ওনার জীবনের বহু ঘটনাতেই পরিলক্ষিত হয়। সেদিনও পথে, উত্তরপাড়া স্টেশনে বেদের কাছে সাপ দেখতেই বোঝা গেল, সঠিক সময় আগত – দেখা এবার হবেই। নিমতলাতে গুরুগৃহে প্রবেশের মুখে ওনাকে দেখেই তরুণের মনে হল যেন খুবই চেনা চেনা লাগছে। বিশাল বপু যোগী প্রবর দূর থেকে দেখেই মুচকি হাসছেন – যেন বলছেন – ‘এসেছো, তোমার জন্যই অপেক্ষা করছি’। আর, শিষ্যের গুরুগৃহে প্রবেশের পর বললেন – ‘বলেছিলাম না, তোমার সঙ্গে আমার আবার দেখা হবে’।

এই বিশেষ রবিবারটি ছিলো ক্রিয়া দীক্ষা প্রদানের দিন, যথারীতি দীক্ষা সম্পন্ন হল। দীক্ষা উপরান্তে একান্তে গুরুর প্রশ্ন – ‘কোথায় হারিয়ে গিয়েছিলে? কি দেখলে?’ মুচকি হেসে তরুণের সহজ উত্তর – ‘আপনি যা দেখালেন’। আরোও প্রশ্নের উত্তরে বিরাট জ্যোতি এবং তার মধ্যে ধীরে ধীরে হারিয়ে যাওয়ার কথাও জানালেন। অবশ্য জ্যোতির দর্শন পূর্বে তরুণের মাতামহ দ্বারা উপনয়ণ কালেও হয়েছিলো – সেটাও গুরুকে জানালেন। উত্তরে গুরু খুশি হয়ে প্রশ্ন করলেন – ‘তুমি কতো ক্রিয়া করে এসেছো?’ এই মহাদীক্ষা দুই মহান সাধকের মিলন – ঠিক যেন রামের গুরু শিব, আর শিবের গুরু রাম।

প্রায় অজান্তেই, চৌম্বক ক্ষমতাসম্পন্ন তরুণ কৃশকায় শৈব সেই বৈজ্ঞানিক 1992 সালের সেই রবিবারে বাঁধা পড়লেন হিমালয় সাদৃশ্য প্রসন্ন স্বভাবের মহান সেই যোগী পুরুষের শক্তিশালী চুম্বকের অমোঘ আবেশ-আকর্ষণে। মানুষের জীবনকালে অনেক ব্যক্তি বিভিন্ন বিষয়ে তাঁর গুরু রূপে আসেন। তাদের মধ্যে আধ্যাত্মিক গুরুর নির্বাচন অতি সন্তর্পণে করা উচিত। ব্যক্তির নিজ আধ্যাত্মিক উত্তরণের জন্য সদগুরু খোঁজা এবং তাঁর সান্নিধ্য লাভ একান্ত প্রয়োজন। সদগুরু তিনিই, যিনি পরমাত্মার সাক্ষাৎ লাভ করেছেন, আত্মজ্ঞানী এবং শিষ্যের হাত ধরে সেই জায়গায় নিয়ে যেতে সমর্থ। একই সাথে শিষ্যেরও থাকতে হবে গুরুর প্রতি পূর্ণসমর্পণ। একবার, এক ক্রিয়াবান শিষ্যের অগ্নিদগ্ধা স্ত্রী খুবই অসুস্থ। পরমগুরু দুবেজী এই সময় ক্রিয়ারত অবস্থায় তাঁর যোগানুভূতির দ্বারা হঠাৎ দেখলেন, উনি দেহ থেকে বেরিয়ে যাচ্ছেন। ক্রিয়া থেকে উঠেই তাঁর শিষ্যদের এই দুঃখের খবর জানান। গুরুদেবের মুখে এই মৃত্যুর খবর শুনে কোনও এক শিষ্য অনুসন্ধিসু হয়ে পাশের ঘরে গিয়ে ফোন করে এটি নিশ্চয় করেন। অন্য ঘর থেকেই দুবেজী বলে উঠেন – ‘কি, খবরটা সত্য তো...! এভাবেই গুরুকে বাজিয়ে



নিবে'। গুরু নিবি চিনে – একজন গুরু যেমন সঠিক আধার বিশিষ্ট শিষ্য খোঁজেন, একই ভাবে শিষ্যের ও উচিত না মেলা অবধি সেই পরশপাথর - সদগুরুর খোঁজ করা।

কিন্তু, শুধুমাত্র শিষ্যের আধার ক্ষমতা থাকলেই তো হয় না; সেই ক্ষমতার বিকাশ ও পরিস্ফুরণের জন্য প্রয়োজন সঠিক লালন-পালন। চৌম্বক ক্ষমতাসম্পন্ন কোনও পদার্থ এক শক্তিশালী চুম্বকের কাছে গেলেই তার আবেশে অল্প চৌম্বক শক্তি লাভ করে; কিন্তু সেটা হয় অস্থায়ী। চুম্বক থেকে দূরে যাওয়া মাত্র সে তার ঐ লব্ধ বিশেষ ক্ষমতা হারায়। বিশেষ এই ক্ষমতা স্থায়ী রূপে পাওয়ার জন্য অতি যত্ন সহকারে নির্দিষ্ট পদ্ধতির সঠিক অনুশীলন প্রয়োজন। এক চৌম্বক পদার্থ অপর কোনও শক্তিশালী চুম্বকের সাথে স্পর্শ করে নির্দিষ্ট পদ্ধতির পুনঃপুনঃ প্রয়োগের ফলে সময়ান্তরে সেই চৌম্বক পদার্থও স্থায়ী চুম্বক শক্তি লাভ করে। তার জন্য প্রয়োজন সঠিক আধার বা যোগ্যতা, যুক্ততা এবং নির্দিষ্ট পদ্ধতির নিরবচ্ছিন্ন প্রয়োগ অনুশীলন সাধন।

বায়োকেমিস্ট্রির সেই ডক্টরের যুক্ততার পরিমাপ অসাধ্য। কিন্তু ঘটনা রূপে তার কিয়দংশ মাত্র আমরা জানতে পারি। হাওড়া স্টেশনে ট্রেন থেকে নেমেই গোরক্ষপুর উত্তর প্রদেশের গ্রাম্য ধুতি পরিহিত আপাত সাধারণ সেই প্রবীণ নিজের ব্যাগপত্তর পোঁটলাপুঁটলি অনায়াসেই তুলে দেন কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চশিক্ষিত পরিমার্জিত পরিধানের সেই নবীনের মাথায়; আর নবীনও অনায়াসেই সেই বিপুল বোঝা মাথায় নিয়ে স্টেশনের প্লাটফর্মে হনহনিয়ে ছুটতে থাকেন দ্রুতগামী সেই প্রবীণের পেছনে।

এরকমই কোনও একদিন গুরু শিষ্যের মাথায় বোঝা চাপিয়ে দিয়ে আগে আগে হন-হন করে এগিয়ে যাচ্ছেন, আর শিষ্য বোঝা মাথায় পিছনে দৌড়চ্ছেন। ঘটনাচক্রে সেই দিন ঐ বিশাল ভারী বোঝা মাথায় নিয়ে যেতে শিষ্যের খুবই কষ্ট হচ্ছে, কিন্তু গুরুদেবকে মুখে কিছুই বলেন না। শিষ্য মনে ভাবে – গুরুদেব তো একটা রিক্সা করলেও পারেন। ঠিক অল্প ক্ষণ পরেই গুরু এক রিক্সা ডেকে নিলেন – দুজনের মানসিক তরঙ্গের বন্ধন এতটাই সুদৃঢ় ছিলো।

দুবে'জী হাওড়া স্টেশনে নামলে অনেক শিষ্যই ওনাকে রিসিভ করে নেওয়ার জন্য আসতেন। শিষ্য সুধীনও পৌঁছেছেন স্টেশনে। মনে দ্বন্দ্ব – 'গুরুদেব কি আসবেন আমার সাথে?' দুবেজী সাধারণতঃ ধুতি পরতেন। সেবার নামলেন পাশ্চাত্য পোশাকে, বাকিরা তাঁকে চিনতেই পারলো না। আর সকলের চোখের সামনে দিয়েই শিষ্য সুধীনের হাতে ব্যাগ ধরিয়ে দিয়ে তার সাথেই রওনা দিলেন তিনি শিষ্যের উত্তরপাড়ার বাড়ির উদ্দেশ্যে।

গৃহী-যোগী দুবে'জী তাঁর প্রিয় শিষ্যটির আসল স্বরূপের কথা একান্তে তাঁর প্রিয় শিষ্যের জন্মদাত্রী মা'কেও বলেছিলেন – 'আপনি কি আপনার ছেলেকে চেনেন? সে আর পাঁচ জনের জন্য আসলেও, সবাই চিনতে পারবে না। পাশের বাড়ির ছেলেটি হয়ে আসলেও নিজের স্বরূপ ও কারোও কাছে প্রকাশ করবে না'। এছাড়াও, শিষ্যের প্রকৃত স্বরূপ তাঁর স্ত্রী শ্রীমতী রায়'এর কাছেও প্রকাশ করেন এবং সাধনাতে পূর্ণ সহযোগের উদ্দেশ্যে আদেশ



করেন – ‘ও কিন্তু সাধারণ না; ওকে সাংসারিক নিয়মে বেঁধো না, তা হলে ওকে রাখতে পারবে না’। প্রথমদিন গৃহে পদর্পণের সময় গুরু বরণ করলে পরমগুরু দুবে’জী আমাদের আদরণীয় গুরু-মা’কে বলেন – ‘তুমি তো আমার আত্মজা হও’।

বাড়ি তখন ছোট। তাতে নিজেরা দুজন আর দুটি শিশু কন্যা। শিশু দুটি ছোট থেকেই জানতো – তাদের বাবা-মা একটু অন্য ধরনের। তাই কোনোও বায়নাঙ্কাও বেশি ছিলো না তাদের। তারই মধ্যে মহাত্মা সেই যোগী প্রবরের পদার্পণ হয়েছে বহুবার সেই বাড়িতে। শক্তিশালী চুম্বকের দিকে যেমন আশেপাশের সকল চৌম্বক পদার্থ অকর্ষিত হয়; যোগীর অসীম মৌভন্ডের আশীষের আশায় একই ভাবে বিভিন্ন স্তরের বহু সাধকের গুঞ্জন ছোট্ট সেই বাড়িতে। তারই মধ্যে গৃহিণীর যে কেবল তাঁর গুরুর প্রয়োজনের দিকে লক্ষ্য – সেটাই মাত্র নয়; সাথে সাথেই বিভিন্ন সাধকের বিবিধ প্রয়োজনের খেয়ালও তাঁকেই রাখতে হয়। কিন্তু তা সত্ত্বেও তিনি তার আত্মকর্ম বিস্মৃত হননি। সেটিও করে গেছেন কাজের ফাঁকে ফাঁকে সময় বের করেই, নিরবিচ্ছিন্ন রূপে। তাই তিনি আজ আমাদের সংঘ-মাতা, গুরু মাতা।

তত্ত্ব আলোচনার আসরে নবীন সাধক তত্ত্বের শুকনো ব্যাপারে সরাসরি না চুকে ব্যস্ত থাকেন বাকিদের সামনে চায়ের কাপ এগিয়ে দিতে, সেবা করতে। কিন্তু, মন তাঁর গুরুর প্রতি সদাজাগ্রত। যেকোনও প্রশ্নের উত্তর গুরুর নিঃশব্দ আদেশে বাকিদের সহজেই বলে দেন, বুঝিয়ে দেন – এমনই সে যুক্ততা। অন্যান্য শিষ্যদের দর্শনের অভিজ্ঞতার বিষয়ে পরমগুরু তাঁর প্রিয় শিষ্যকে বলতেন – ‘সুধীন, তুমি কি বলছো?’ যদিও, গুরু-শিষ্য দুজনের অধিকাংশ কথাই হতো শব্দহীন চোখের ভাষা। দুজনের মানসিক যুক্ততায় শব্দ-বাক্য আধিক্য বোধে নিষ্প্রয়োজন।

আবার প্রাপ্ত পদ্ধতির প্রয়োগের নিরবিচ্ছিন্ন অনুশীলনের ব্যাপারে মায়ের কাছে জেনেছি – উর্ধ্বতন এবং অধস্তন, নবীন এবং প্রবীণ দুজনের একসাথে রাত্রি ব্যাপি সাধন। যোগী প্রবর গুরুরূপে উজাড় করে দিতে লাগলেন তার সাধন লব্ধ জ্ঞান ভান্ডার এবং শিষ্যের সঠিক অবস্থায় থেকে তরুণ আত্মস্থ করতে থাকলেন সবকিছুই – এ বড় সহজ নয়। দুই গৃহী-যোগীর দেহ-মনের তার যেন এক সুরে বাঁধা; ক্রিয়া সাধনার পরবর্তী ধাপ ও তার সঠিক পদ্ধতি শিষ্য নিজে থেকেই সহজেই বলে দেন – এমনই সে একাত্মতা।

দামোদর নদের তীরে অবস্থিত পুরশুড়া’র কাছেই শ্যামপুর গ্রামের এক গভীর রাত। পরমগুরু দুবে’জী ও যোগী বারীন্দ্রনাথ দাশ মহাশয় খাটের উপর বসে ক্রিয়া শুরু করলেন, ক্রমে অন্যান্য শিষ্যরাও মেঝেতে বসে ওনাদের অনুসরণ করেন; ফলে পুরো ঘরটারই ভাইব্রেশন বদলে গেল। শিষ্য সুধীন প্রথমে ক্রিয়াতে না বসে নিজের শোওয়ার ব্যবস্থার চেষ্টা করছেন। কিন্তু, বাকি সবার ক্রিয়া-প্রাণায়াম দেখে সুধীনও ক্রিয়ায় বসে পড়লেন। ক্রমে, রাত্রি দ্বিপ্রহর থেকে ভোর হয়ে গেল, বাকি শিষ্যদের ক্রিয়া সমাপ্ত, কিন্তু শিষ্য সুধীন আর ওঠেই না। ওনার বাড়ির নাম ‘গোরা’ বলে ডাকাডাকিতে বহুক্ষণ পরে চোখ মেলে তাকালেন। একান্তে গুরুর প্রশ্নের উত্তরে অবাক করে বললেন প্রবল ঘণ্টা ধ্বনির শবনের কথা এবং অপূর্ব জ্যোতি দর্শনের কথা যা আসলে মহিষাসুরমর্দিনীর





দর্শন। একজন বৈজ্ঞানিক হিসাবে ক্রিয়া নিয়ে তাঁর যে দ্বন্দ্ব ছিলো, সেটার আজ অবসান হল। দাশ মহাশয় দুবে'জীর দিকে নিঃশব্দে তাকালেন, যেন বললেন – 'কি বলেছিলাম না..'. উত্তরে দুবে'জীর স্নেহ মৌন সম্মতি – 'ঠিকই'। নবীন শিষ্যকে গোরক্ষপুরের একান্তে নিজ গুরুদেবের সাথে গহন ক্রিয়া সাধনা আকর্ষণ করতো।



একাত্মতার তুরীয় স্তরে শিষ্য সুধীন ক্রিয়াতে বসেই কোনও একদিন সূক্ষ্ম শরীরের অনুভূতি পেলেন; ঠিক যেন সাদা আলোর ভেলায় করে অবাধ সমুদ্রে বিচরণ। সেই সময় শিষ্য নিজের গুরুদেবকে দেখার ইচ্ছে প্রকাশ



করলেন। ভাবা মাত্রই শিষ্য সুধীন কলকাতা থেকে সূক্ষ্ম শরীরে সরাসরি পৌঁছে যান সুদূর আমেরিকাতে অবস্থান কালীন তাঁর গুরুদেব দুবে'জীর কাছে। দেখেন, গুরুদেব বসে আছেন, তাঁর সামনে কিছু শিষ্য অনুরাগী, আর গুরুদেব শিষ্যদের কিছু উপদেশ দিচ্ছেন। গুরুদেবের অসুস্থ চেহারা দেখে ফোন করলে সিদ্ধি বা সিদ্ধাই বিষয়ে দুবেজীর কঠিন সাধন-অনুশাসন - 'বৃহৎ কূটস্থ কি জেনেছ? না হলে আমি এই নিয়ে আর কথা বলবো না'। গুরুর অভাবিত অনুশাসনের ফলে শিষ্যের সাময়িক অভিমান। পরে বেহালা'তে দেখা করতে গেলে মুচকি হেসে একান্তে দুবে'জী তাঁর প্রিয় শিষ্য সুধীনকে প্রশ্ন করেন - 'বল, কি বলবে?' সাথে প্রশ্ন - 'বৃহৎ কূটস্থ কি বুঝেছো?' এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করে শিষ্য দ্বারা এই বিশেষ পদ্ধতিতে সূক্ষ্ম শরীরে সঠিক এবং সুরক্ষিত রূপে দেহ থেকে বেরোনো ও দেহে ফিরে আসার ব্যাপারে নিশ্চিত হন। গুরুদেবের উপদেশ 'এগুলো সিদ্ধি বা সিদ্ধাই'এর স্তর, এতে মন না দিয়ে বৃহৎ কূটস্থের আনন্দ উপভোগ কর, সেখানেই পাবে কারণ শরীর। সেখানেই পুরুষোত্তমের স্থান'। শিষ্যের উপলব্ধি - 'বৃহৎ কূটস্থ সেদিন পরিষ্কার ছিলো না, এখন পরিষ্কার'। আরোও বলেন - 'গুরুদেবের কৃপায় যে দিন কূটস্থের প্রাপ্ত সীমায় উপস্থিত হলাম, সেই দিন বৃহৎ কূটস্থ কি বুঝতে আর কোন অসুবিধা হয় নি। সেদিন বুঝতে পারলাম মহামায়া যেন নিজে আমাকে ঐ সীমা থেকে রাস্তা দেখিয়ে দিলেন'। শুনে গুরুদেবের মুখে তৃপ্তির হাসি এবং শিষ্যকে ক্রিয়া দানের অধিকারী নির্বাচন করা। এই ভাবেই ক্রমশ গুরুর ভালবাসায় শিষ্যের সাধন জগতে ক্রমোন্নতি। দুজনের স্নেহ-ভালোবাসা ও মান-অভিমান ছিলো অপর অধিকাংশের কাছেই অজ্ঞাত।

প্রসঙ্গতঃ, মন ষষ্ঠ ক্রিয়ায় সূক্ষ্মতম হয়ে স্থির হওয়ায় তখন আর সাধক ত্রিগুণাত্মক হন না। এই ক্রিয়ার ফলে অতি সহজেই সূক্ষ্ম শরীরের কার্য ক্ষমতা ও স্থূল শরীর থেকে এই সূক্ষ্ম শরীর কে পৃথক করার প্রক্রিয়া আয়ত্তে আসে। এই সূক্ষ্ম শরীরের সাহায্যে আলোর ভেলায় সর্বত্র যাতায়াত করা যায়। 'রথারুটো বামনং দৃষ্টা পুনর্জন্ম ন বিদ্যতে' - অর্থাৎ যে সাধক এই বামনদেব রূপী সূক্ষ্ম শরীরের সম্পর্কে আপন সাধনার দ্বারা পৌঁছয়, তাঁর অবস্থা অতি উত্তম। যতক্ষণ এই শরীর থাকে, ততক্ষণ জন্ম-মৃত্যু চলতে থাকে। এই শরীর কারণ লোকে পৌঁছে গেলে আর পুনর্জন্ম হয় না।

শিষ্য ভোরে উঠে সাধনা করেন। কোনোও দিন ঘুম ভাঙতে একটু দেরি হলেই দেহে এক অজানা স্পর্শ। ফোনে গুরুকে বলেন - 'আমাকে কি একটু ঘুমোতেও দেবেন না; ডেকে তুলে দেবেন?' শুনে গুরুর উচ্চকিত অমলিন আনন্দের হাসি যেন থামতেই চায় না। যোগ্য ক্রিয়াবান সাধকগণ গুরুর এমনই মনোযোগ-সহযোগিতা লাভ করেছেন। শিষ্যের প্রতি গুরুর দায়িত্ব-ভালোবাসার এ এক অসাধারণ উদাহরণ।

সাধক প্রবর দুবে'জী তাঁর সাধন-লব্ধ ক্ষমতা দ্বারা ত্রিকালদর্শী হলেও, তিনি প্রকৃতিকে নিজের গতিতে চলতে দিয়েছেন। আসন্ন পারিবারিক বিপদেও নিজের হিতে প্রকৃতির গতি বদল করার কোনও চেষ্টাও করেন নি। আর



সেই শিক্ষা তিনি তাঁর সুযোগ্য শিষ্যকেও দিয়েছেন, যিনিও একই ভাবে তাঁর সাধনফল কেবল মাত্র লোকহিতেই ব্যাবহার করেন।

নিজের ব্যাপারে দুবে'জী ছিলেন একদমই সাধারণ। সাধারণ তাঁর পোশাক-পরিচ্ছদ, আর খাবার ব্যাপারেও ছিলেন নিস্পৃশ্য। কিন্তু, শিষ্যদের ব্যাপারে ছিলেন খুবই যত্নবান। শিষ্যরা তাঁর গোরক্ষপুরের বাড়িতে আসবে বলে নিজে হাতেই তাদের সুবিধার্থে বাথরুম অবধি পরিষ্কার করতেন - ঠিক যেমন যীশু স্বয়ং তাঁর শিষ্যদের পা ধুইয়ে দেন। নিজের শরীর ও তার যত্ন নিয়ে তাঁর আলাদা কোনোও চিন্তাই ছিলো না। দীক্ষা প্রদানের উদ্দেশ্যে প্রত্যন্ত গ্রামে গেলেও প্রবল শীতেও কুয়া'র ঠান্ডা জলেই স্নান করতেন। কোনোও রূপ অসুবিধার ব্যাপারে প্রশ্ন করলে বলতেন - 'সব ঠিক আছে'। নিজের খাওয়ার ব্যাপারে ওনার কোনোও বিশেষ চাহিদা ছিলো না। নিজ বাড়িতে ওনার স্ত্রী হাতের খালার চারিপাশে ছোট ছোট বাটিতে নানারকম ব্যঞ্জন রান্না করে সাজিয়ে দিলেও দুবেজী এক বালকের ন্যায় এখান থেকে - ওখান থেকে নিয়ে নিয়ে খেতেন। শিষ্য সুধীনের বাড়িতে তাঁর স্ত্রী'র হাতের রান্না খুবই পছন্দ করতেন এবং বলতেন যোগীর আহার এই রকমই হওয়া উচিত। ক্রিয়ার উন্নতির উদ্দেশ্যে শিষ্যের বাড়ি গেলে সবাইকেই সঠিক ক্রিয়া অনুশীলনের ব্যাপারে যত্নবান হওয়া নিশ্চিত করতেন। বলতেন, ক্রিয়ার জন্য আলাদা বিশেষ ব্যবস্থার কোনোও প্রয়োজনই নেই; বাথরুমের ছোট কোনই যথেষ্ট। ক্রিয়া সাধনার সাথে সাধকের সঠিক যুক্ততা থাকলেই ক্রিয়া করার উপযুক্ত পরিবেশ ও পরিস্থিতি নিজে থেকেই সঠিক হয়। প্রসঙ্গতঃ শিষ্য সুধীনের বাসস্থান থেকে কর্মস্থলের দূরত্ব ও আনুষঙ্গিক প্রতিকূল পরিস্থিতি থাকলেও তাঁর ক্রিয়া করার উপযুক্ত স্থান, সময় ও পরিবেশের ব্যবস্থা ঠিক হয়ে যেত। ক্রিয়া যোগের ধারণায় দুবেজী বলেছেন - 'ক্রিয়ার মূল উদ্দেশ্য মনকে কুটস্থে প্রবেশ করানো'। প্রকৃতপক্ষে গুরুশক্তির ভাবময় অবস্থা থেকেই শিষ্য পায় ধ্যানমগ্ন হওয়ার শক্তি।

ক্রিয়াই ছিলো দুবেজীর একমাত্র লক্ষ্য - এমনকি বাসে যেতে যেতেও এক ব্যক্তির মধ্যে সঠিক উপযুক্ততা দেখলে উনি দেখা করতে বলেন এবং ক্রিয়া দীক্ষা দেন। কর্ম জীবন থেকে অবসর নেওয়ার পরেও ক্রিয়ার সঠিক প্রসারের জন্য উত্তরপ্রদেশের গোরক্ষপুর থেকে উনি বিভিন্ন স্থানে ভ্রমণ করতেন। পাত্রতা, যুক্ততা এবং ইচ্ছা-চাহিদা অনুযায়ী পরমগুরু তাঁর সকল শিষ্যের উপরেই সুদূর গোরক্ষপুর থেকেই দৃষ্টি রাখতেন, তাদের ক্রিয়া উন্নতির দিকে লক্ষ্য রাখতেন ও প্রয়োজনীয় সহায়তা করতেন। শিষ্যের ক্রিয়ার অনুশীলনের সঠিকতা দুবেজী তাঁর অন্তর্দৃষ্টি দিয়ে এক নজরেই বুঝে নিতেন এবং যুক্ততা অনুযায়ী উপদেশ-আদেশ করতেন। শিষ্যের দ্বারা নিজের ক্রিয়ার ব্যাপারে প্রশ্নে তিনি দ্ব্যর্থ বোধক উত্তর দিতেন - 'ঠিক হ্যায়'। যাঁর যা ভাব এবং অবস্থা, সে অনুযায়ী সে সেই উত্তরের মানে ঠিকই বুঝে নিতো। তিনি বলতেন - 'যারা আমাকে তাদের শাসন করার অধিকার দিয়েছে বা আমার পরামর্শ চায়, আমি তাদের সঙ্গে আপনা থেকেই সবসময় যুক্ত হয়ে থাকি'।

গীতায় রয়েছে - 'যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্



## মম বর্ঝানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ।।' গীতা(৪/১১)

অর্থাৎ - 'যে যেভাবে আমার ভজনা করে আমি তাকে সেই ভাবেই তুষ্ট করি'। কোনোও এক ক্রিয়াবানের স্ত্রী দুবে'জীকে গোপাল ভাবে শিশু রূপে দেখতেন, আর দুবেজীও ওনাকে তদনুরূপ সম্ভাষণ করতেন।

1988-89 পূর্ণ কুম্ভে এলাহাবাদে পরমগুরু দুবে'জী গেছেন। তিনজন সাধক শিষ্য ভক্ত পরে কুম্ভ মেলাতে যান গুরুদেবের সাথে যোগ দিতে। ওই বিরাট প্রাঙ্গণে গুরুদেবের সঙ্গে সাক্ষাৎ-এর কোনও উপায় নেই দেখে শিষ্যরা যখন ফিরবার উপক্রম করছেন; সংকটের সেই সময়ে এক সাধু শিষ্যদের সঠিক রাস্তা দেখিয়ে গুরুদেবের তাঁবুতে নিয়ে যান। গুরুদেবের প্রতি শিষ্যদের আন্তরিক ভালোবাসা তাঁদের যথাস্থানে নিয়ে যায় এক অলৌকিক শক্তির মাধ্যমে। শিষ্যদের ধারণায় উনিই ছিলেন বাবাজী মহারাজ। আলোচনা কালে সুধীনের প্রশ্ন - 'উনি কি বাবাজী, নাকি গুরুদেব স্বয়ং?' উত্তরে পরমগুরু শুধুই মুচকি হাসেন।

একবার পরমগুরু দুবে'জী ট্রেন ধরবেন বলে যথাসময়ে স্টেশনে পৌঁছে গেছেন, ট্রেনে বসেও পড়েছেন; কিন্তু তাঁর সাথে গমনেচ্ছু এক শিষ্য তখনও স্টেশনে এসে পৌঁছতে পারেননি। ট্রেন ছাড়ার সময় হলো, ছাড়ার জন্য নির্ধারিত এঞ্জিনের বাঁশিও বেজে গেলো; কিন্তু শিষ্যের দেখা নেই। এদিকে ট্রেন একবার নড়ার পর আর মোটেই এগোয় না, ড্রাইভার এঞ্জিনিয়ারের শত চেষ্টা সত্ত্বেও ট্রেন পুনরায় নড়ে না। কিছু সময় পর দেখা যায়, দূর থেকে সেই শিষ্য দৌড়তে দৌড়তে আসছেন। তিনি ট্রেনে লাফিয়ে ওঠার পরেই হঠাৎ ট্রেন নড়ে উঠে চলতে আরম্ভ করে। শিষ্য দেখে দুবে'জী দর-দর করে ঘামছেন আর গামছা দিয়ে সেই ঘাম মুছে নিচ্ছেন। শিষ্যর জন্য এতো দরদী মন সহজলভ্য নয়। নিজের মহাপ্রস্থানের (16.07.2004/31'শে আষাঢ়,1411) ব্যাপারে সম্পূর্ণ রূপে অবগত পরম যোগী দুবেজী অপরের দুঃখে বিগলিত হয়ে অন্যের মারণ রোগ-ব্যাদি অবধি নিজ শরীরে নিয়েছেন।

পরমগুরু নিজে ছিলেন গীতা ও বেদ বিষয়ে এক চলমান অভিধান স্বরূপ। বিভিন্ন ধর্ম-শাস্ত্রের সারমর্ম ও যৌগিক ব্যাখ্যা আমরা পাই তাঁর 'ক্রিয়া যোগ রহস্য' পুস্তকে। যেটি বিশুদ্ধ ক্রিয়া যোগ অনুশীলনের এক আকর গ্রন্থ বিশেষ। একই পথে, তাঁর সুযোগ্য শিষ্য নিজেও তাঁর গুরুদেবের পদানুসরণে ক্রিয়ার আঙ্গিকে শাস্ত্রের ভিন্নতর ব্যাখ্যা করেছেন 'আধ্যাত্মিকতা, ক্রিয়াযোগ ও আত্মবোধ' গ্রন্থে। এ ছাড়াও, শিষ্যদের সাথে প্রশ্নোত্তরে তাঁর শাস্ত্র আলোচনার মুদ্রিত রূপ 'ক্রিয়াযোগ প্রসঙ্গে' ক্রিয়াবানদের মার্গ দর্শন করায়।

লৌকিক ভাবে দুবেজী বিদ্যাসাগর কলেজ থেকে পড়াশোনা সাজ করে পিতার অবসর হেতু কলকাতার পোর্টট্রাষ্টের এক প্রখ্যাত জাহাজ কোম্পানীর পার্ক স্ট্রীটের অফিসে চাকুরী গ্রহণ করেন এবং নিমতলা'র জোড়াবাগানে থাকতেন। ক্রিয়া পদ্ধতির নিরবচ্ছিন্ন অনুশীলনের জন্য উনি অফিসের সাপ্তাহিক অবকাশ সময়টির বিশেষ সদুপযোগ্য করতেন। অফিসের পর শুক্রবার বিকেল অথবা শনিবার সকাল থেকে সোমবার সকাল পর্যন্ত



- প্রাকৃতিক কর্মের সময়টুকু বাদে - নিরবিচ্ছিন্ন ক্রিয়া করতেন। দুবেজী তাঁর গোরক্ষপুরের বাড়িতেও আলাদা এক ছোট্ট রুমে প্রায় একান্তেই থাকতেন এবং ক্রিয়ায় ডুবেই থাকতেন।

একই রূপে, বৈজ্ঞানিক শিষ্য নিজ কর্মস্থল কলকাতার SSKM মেডিকেল কলেজ হাসপাতাল থেকে অনেক দূরে হুগলীর উত্তরপাড়াতে থাকেন। রাত্রি তিনটার সময় ঘুম থেকে উঠে প্রাত্যহিক নিজকর্ম সেরেই তাঁর আসল আত্মকর্মে বসেন। দীর্ঘ সময় পরে উঠেই দুটো ভাত মুখে দিয়েই কর্মস্থলের উদ্দেশ্যে ট্রেন ধরতে দৌড়ানো। কর্মস্থলে কর্মসম্পাদন উপরান্তে আবার ট্রেনে করে বাসায় ফিরেই অল্প দুটো মুড়ি খেয়ে পুনরায় আত্মকর্মে বসেন। দীর্ঘ সময় পরে উঠে স্বল্প রাত্রি ভোজন করে শীঘ্র শয়ন। এই ছিল তাঁর দৈনন্দিন কর্মসূচী।

পরমগুরু দুবে'জী ও শিষ্য বারীন্দ্রনাথ দাশ মহাশয় - দুজনেই উত্তরপাড়ার বাড়িতে এসেছেন। রাত্রিব্যাপী ক্রিয়া সাধনার পর, পরদিন সকালে দাশ মহাশয় খাটে বসেন মাত্র নেমে পড়ে জিজ্ঞেস করলেন - 'এই খানে কে ক্রিয়া করে?' সুধীনের সম্মতিসূচক উত্তরে তাঁর অবাক মন্তব্য - 'কি অসাধারণ ভাইব্রেশন; এ তো হিমালয়েও পাওয়া যাবে না'। শুনে দুবেজী বলেন - 'তা হলে, এবার বুঝলে তো, আমি কেন এখানে আসতে চাই'। প্রসঙ্গতঃ, এই বিশেষ প্রিয় শিষ্য প্রণাম করতে গেলে দুবেজী তাঁকে বুকে জড়িয়ে ধরতেন।

ছোটবেলা থেকেই শিষ্য সুধীনের লৌকিক জীবনে বহু অলৌকিক ঘটনা ঘটেছে; পরমগুরু সন্মুখে প্রশ্ন করে সেসব ঘটনাবলী শিষ্যের নিজ মুখ থেকে শুনে বিশেষ আনন্দ পেতেন। পরমগুরুর যেমন একটা লাভিং এটিটিউড ছিল, অসম্ভব ভালোবাসা ছিলো, আবার অসম্ভব তেজও ছিলো।

পরমগুরু এলে বাকি শিষ্যদেরও আগমন ঘটত সুধীনের উত্তরপাড়ার বাড়িতে এবং তারা অনেক সময়ই রাত্রি ব্যাপী সাধনাও করতেন। সঙ্গীক শিষ্য সুধীন ব্যস্ত থাকতেন সবার ব্যবস্থাপনায়। সাধন শেষে সবাই বেরিয়ে গেলে এবং রাত্রিহার সমাপ্তে একসাথে হাঁটার সময় মাত্র একান্তে কথা সম্ভব হত।

একদিন কর্মস্থল থেকে ফেরার সময় সুধীনের মনে দ্বন্দ্ব যুক্ত প্রশ্নের উদয় হল- 'এই যে গুরুদেব আছেন আমার বাড়িতে, কতশত শিষ্য আসছেন, উনি শিষ্যদের উপদেশ দিচ্ছেন; কিন্তু, আমি একজন সয়েসের ছাত্র, একজন বৈজ্ঞানিক হিসাবে এ সবে কিভাবে লিপ্ত হচ্ছি?' বাড়ি এসে পৌঁছবার মাত্র গুরুদেবের সরাসরি প্রশ্ন সুধীনকে - 'আমি কি কিছু দোষ করেছি?' শুনেই শিষ্য সুধীন অবাক - আমার মনের ভাবনার কথা উনি পুঞ্জানুপুঞ্জ রূপে জানলেন কি করে? মনে যেটুকু-মাত্র দ্বন্দ্ব অবশেষ ছিলো, তারও অবসান হল - এলো গুরুর প্রতি পূর্ণ সমর্পণ।

এই ভাবেই চলতে লাগলো শিষ্য সুধীনের সাধনা। পরমগুরু উত্তর পাড়ার বাড়িতে আসেন, শিষ্যরা পৌঁছয়; রাত্রি ব্যাপী সাধনা চলে। এদিকে দিনের বেলায় হাসপাতালের কাজ। গুরুর সাথে একান্তে কথা আর হয়ে ওঠে না। ক্রিয়াপদ্ধতি গুরুকে দেখানো এবং তার অনুভূতির কথা বলার খুবই ইচ্ছে, কিন্তু সুযোগ আর হচ্ছে না। দুবেজীর ফিরে যাওয়ার সময় হল, গাড়িও পরমগুরুকে নিয়ে চলে গেল। অফিসের জন্য তৈরি হতে হতেই মনে আফসোস



জাগছে – গুরুকে ক্রিয়া-অনুভূতি দেখানো হলো না। হঠাৎই বেলের শব্দ; দরজা খুলে দেখেন গাড়ি নিয়ে গুরুদেব ফিরে এসেছেন। শিষ্যের জিজ্ঞাসার উত্তরে দুবেজী বললেন – ‘তুমিই তো যেতে দিলে না; বলো – কি কথা বলার আছে’। এর পর বসলেন ক্রিয়া দেখাতে। পরমগুরু বললেন – ‘এটাই কি দেখাতে চেয়েছিলে?’ শিষ্য বললেন – ‘না, অন্য একটা দেখাতে চেয়েছিলাম, এটা এক্ষুনি হয়ে গেল’। তারপর, সেই অন্য ক্রিয়াটিও দেখে পরমগুরু যুগপত আশ্চর্য্য এবং খুশি হয়ে বললেন – ‘আগে যেটা দেখিয়ে ছিলে – সেটা তৃতীয় এবং পরেরটা দ্বিতীয় ক্রিয়া’। পরে শিষ্য সুধীন পরমগুরু দুবেজীর কাছে থেকে চতুর্থ ক্রিয়া পান।

ক্রিয়া যোগ পদ্ধতির অনুশীলনের সাথে সাথেই তাঁর বৈজ্ঞানিক অনুসন্ধানী মন খুঁজে চলে এই পদ্ধতিগুলোর পেছনের বিজ্ঞান। গুরুদেব দুবেজী বলতেন – ‘ভগবান উত্তম মস্তিষ্ক চান, উত্তম মস্তিষ্কে স্বাধ্যায় কি – তা বোঝা যায়’। একদিন একান্তে আলোচনা প্রসঙ্গে গুরুদেবকে বলেন ‘এই ক্রিয়ার বিভিন্ন স্তর বিজ্ঞান তার নিজের ভাষায় আগে থেকেই বলে রেখেছে’। গুরুর প্রশ্নের উত্তরে আলমারী থেকে জেনেটিক্সের একটা বই এনে DNA গঠন সহযোগে পঞ্চম, ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম ক্রিয়া পদ্ধতি ও তার পেছনের বিজ্ঞান নিজ গুরুকে দেখান। বিস্মিত পরমগুরু দুবেজী সব দেখে-শুনে আশ্চর্য্য হয়ে সম্মেহ আশীর্বাদ দেন – ‘তুমি তো করেই এসেছো – তাই জন্যই সব বলতে পারলে, না হলে এসব অন্যের পক্ষে বলা সম্ভব নয়’।

প্রসঙ্গতঃ, শ্রী মহেশ্বরী প্রসাদ দুবেজী তাঁর গুরু শ্রী নিতাই চরণ বন্দোপাধ্যায় মহাশয়ের কাছ থেকে কলেজে পড়াকালীনই ক্রিয়া দীক্ষা পান এবং স্বীয় সাধন ক্ষমতাবলে দ্বিতীয় ক্রিয়া সম্পাদনের পরেই ক্রিয়া দীক্ষা প্রদানের অধিকারী হোন।

পরমগুরুর সুযোগ্য শিষ্য সুধীন 1992 সালে ক্রিয়া অনুশীলন শুরু করে মাত্র সাত বছরেই ক্রিয়া সাধনার প্রধান সাতটি স্তর সমেত ধ্যান ক্রিয়া সহ সম্পূর্ণ সতেরোটি ক্রিয়াই সম্পন্ন করেন। দুবেজী চাইতেন সুধীন যেন ক্রিয়াদীক্ষা দেন, কিন্তু শিষ্য তাঁর সাধনাতেই ডুবে থাকেন। শিষ্য সুধীনের প্রশ্নের উত্তরে গুরু দুবেজী জানান তাঁর মধ্যেই আছে সেই সাম্য ভাব। যিনি বিশ্বমন ও বিশ্বপ্রেমের অধিকারী, তিনিই গুরু। পরমগুরুর জ্যেষ্ঠ পুত্রবধুও একদিন সুধীনকে বলেন – ‘আমার শ্বশুরমশায় বাড়িতে সবসময় আপনার কথাই বলেন; আপনি দীক্ষা প্রদানে রাজি হোন’। বারীন্দ্রনাথ দাশ মহাশয় এবং অন্যান্য কিছু শিষ্যদের অনুরোধে সুধীন রাজি হলেন দীক্ষা প্রদান করতে। যোগী প্রবর দুবেজী তাঁর সুযোগ্য শিষ্য শ্রীমান সুধীন’কে ক্রিয়াদীক্ষা প্রদান করার আদেশ করেন।

ক্রিয়া দানের ব্যাপারে মনের দ্বন্দ্ব সম্বন্ধে বহু পরে শিষ্য সুধীন বলেন – ‘ক্রিয়া দানের সেই মুহূর্তে গুরুদেব যেন গীতার আঠারোটি অধ্যায় একেবারে দেখিয়ে দিয়েছিলেন – যে অর্জুন তুমি দেখ, তুমি কিছু জানো না। তোমায় কি করতে হবে তুমি দেখ। আমি বাধ্য হয়ে ক্রিয়া দেবার জন্য প্রস্তুত হয়েছিলাম’।



অবশেষে পরমগুরু দুবে'জী তাঁর নিজ জ্যেষ্ঠ পুত্রবধু এবং অন্যান্য কয়েকজন যোগ্য শিষ্যদের উপস্থিতিতে সেই বিশেষ প্রথা ও মহাজাগতিক কর্ম - গুরুশক্তির প্রবাহ - শিষ্য সুধীনের কাছে শক্তির স্থানান্তরন সম্পন্ন করেন।

এই প্রসঙ্গে দুবেজী বলেছেন - 'গুরুশক্তির জ্ঞান না হলে ক্রিয়া যোগ নির্দেশক হওয়া যায় না। গুরুদেবের শক্তিতে প্রভাবিত হয়ে কূটস্থ দর্শন করাতে হয় (তৃতীয় নেত্র উন্মোচন)। আরোও বলেছেন - 'যখন ক্রিয়ার কূটস্থ দর্শন করাবে তখন ক্রিয়া যোগ গ্রহণকারীর তন্মাত্রা বিচার করতে হবে। এই সময় গুরুশিষ্যের আদান প্রদান পদ্ধতি চলে। গ্রহণকারীর সূক্ষ্ম দেহ থেকে আলোর কণা গ্রহণ করে সেই কণাতে চৈতন্য ও শক্তি প্রদান করে তার দেহে আবার সেই কণা ফিরিয়ে দেবে'। ক্রিয়া দীক্ষা প্রদান কালে চেতনা প্রয়োগে মাত্রার প্রভেদ না দেখলেও শক্তিপ্রদান গ্রহণকারীর তন্মাত্রা অনুযায়ী হয়।

কি অভাবনীয় দৃশ্য - শিষ্য সুধীন তাঁর সম্ভাব্য প্রথম শিষ্যার কূটস্থ স্পর্শ করে উপনয়ন উন্নীলিত করে দিচ্ছেন, আর যোগী প্রবর গুরু পিছনে বসে তাঁর শিষ্য তথা ভবিষ্যতের গুরুকে স্পর্শ করে গুরু শক্তির প্রবাহমানতা সুনিশ্চিত করছেন। ক্রিয়া দানের সময় এই শক্তির প্রকাশ হলেই ক্রিয়া দানের উপযুক্ততা আসে। গুরুর সেই স্পর্শে শিষ্যের সন্মুখেও নতুন এক জগৎ উদ্ভাসিত হচ্ছে; তিনি নিজেই আশ্চর্য - 'এ কি করে সম্ভব? আমি তো আগে কখনও ক্রিয়াদীক্ষা প্রদান করি নি, আমি এখন ক্রিয়া দিচ্ছি কি ভাবে?' ক্রিয়া দীক্ষা সমাপন উপরান্তে গুরুর স্নেহাশীষ 'খুব ভালো ক্রিয়াদীক্ষা দিয়েছে তুমি'। সাথে গুরুর বরাভয় 'তুমি তো আগে থেকেই ক্রিয়া দিয়েই এসেছো'। ক্রিয়াদীক্ষাদানের পরে আজ এই মুহূর্ত থেকেই যোগী প্রবরের সুযোগ্য এবং তদজনীত প্রিয় শিষ্যও একজন গুরু - আচার্য্য শ্রী সুধীন রায়।

স্বীয় আধার, যুক্ততা এবং দৃঢ়কল্প সাধনার দ্বারাই শিষ্য সুধীন হয়ে উঠলেন যোগী প্রবর দুবে'জীর আত্মজ। তাঁকে তাঁর অদেয় আর কিছুই রইল না। পরমগুরু যোগচার্য্য শ্রী শ্রী মহেশ্বরী প্রসাদ দুবে'জী তাঁর মানসপুত্র আচার্য্য ডক্টর শ্রী সুধীন রায়'কে দীক্ষাদান এর অধিকার প্রদান করে বিশুদ্ধ ক্রিয়া সাধনপথ তথা গুরুশক্তির প্রবাহমানতার দায়িত্ব সুনিশ্চিত করে নিজ সাধন লব্ধ শুভশক্তিপুঞ্জের উত্তরাধিকারী করে আমাদের সকলকেই কৃপা প্রদানে ধন্য করলেন।

ॐ তস্মৈ শ্রী গুরুবে নমঃ



পরমগুরুদেব শ্রীশ্রী দুবে বাবার আশীর্বাদ

৐  
আমী ভাল আছি। তুমরা ঠিক মত ক্রিয়া কর।  
গুরু বাবাদের আশীর্বাদে তুমাদের মঙ্গল হোক।  
মাহেশ্বরী প্রসাদ দুবে  
27/7/2002  
শনিবার

ক্রিয়া কর সব  
ভাল হবে। ক্রিয়া করলে সব ঠিক হয়।  
সাংসারিকতা মন থেকে বাহির করার  
চেষ্টা করবে। মন কে উত্ফুল্ল রাখবে।  
ভগবান মঙ্গল করুক। মাহেশ্বরী প্রসাদ  
দুবে  
৩.৮.১৪

৐

আমী ভাল আছি। তুমরা ঠিক মত ক্রিয়া কর।  
গুরু বাবাদের আশীর্বাদে তুমাদের মঙ্গল হোক।  
মাহেশ্বরী প্রসাদ দুবে  
27/7/2002  
শনিবার

ক্রিয়া কর সব

ভাল হবে। ক্রিয়া করলে সব ঠিক হয়।  
সাংসারিকতা মন থেকে বাহির করার  
চেষ্টা করবে। মন কে উত্ফুল্ল রাখবে।  
ভগবান মঙ্গল করুক।  
মাহেশ্বরী প্রসাদ দুবে  
৩.৮.১৪

(পরমগুরু যোগচার্য্য শ্রী মাহেশ্বরী প্রসাদ দুবে'জীর শিষ্যদের প্রতি স্বহস্ত লিখিত আশীর্বাদ - বানান অপরিবর্তিত রাখা হয়েছে)

- তথ্যসূত্র : গুরুদেব এবং গুরুমায়ের উপদেশ ও আলোচনা,
- গুরু ভাই/ভগ্নীগণ সাথে আলোচনা,
- অন্যান্য ইন্টারনেট-সাইট ও বিভিন্ন ক্রিয়া বিষয়ক পুস্তক সমূহ,
- সর্বোপরি গুরুদেব ও পরমগুরু লিখিত পুস্তকলব্ধজ্ঞান

## মানসপুত্র

(Hindi Translation)- Sudeep Chakravarty

‘আত্মজ’ অর্থাৎ স্বয়ং की आत्मा से जो जन्मा हो। शाब्दिक अर्थ में पुत्र और लिंग भेद में पुत्री।

आत्मज को स्थूल अर्थ में समझें तो पिता के अंश और माता के अंश का मातृ गर्भ में मिलन के पश्चात जब जीवात्मा गर्भ में प्रवेश करती है तब भ्रूण का विकास प्रारंभ होता है। भ्रूण विकास के प्रथम चरण में दो भागों में विभाजित होकर ऊपर ब्रह्म बिंदु और नीचे प्रकृति बिंदु का रूप लेता है। ब्रह्म बिंदु तेज स्वरूप में प्रकृति बिंदु के भीतर और बाहर मौजूद रहता है। प्रकृति बिंदु ही जीव का कारण शरीर है - जिससे क्रमशः सूक्ष्म शरीर और फिर स्थूल शरीर की सृष्टि होती है। सूक्ष्म शरीर





- जिसकी सृष्टि पांच ज्ञानेन्द्रियों, पांच कर्मेन्द्रियों, पांच तन्मात्राओ, मन, बुद्धि एवं अहंकार द्वारा होती है। अन्नमय स्थूल शरीर पांच महाभूतों द्वारा निर्मित होता है - जो जन्म लेता है, विकसित होता है, अवस्था परिवर्तन होता है एवं क्षय होने के पश्चात विनाश को प्राप्त होता है।

दूसरी ओर अगर इसका गूढ़ यौगिक अर्थ समझें तो शरीर में स्थित पांच ज्ञानेन्द्रियां और पांच कर्मेन्द्रियां माने कुल 10 इंद्रियां, दसों दिशाओं में दौड़ रही है प्रत्येक दिशा में 10 प्रकार की गति होती है ये सब एकत्र होकर इनकी संख्या 100 है, यही मन की 100 प्रवृत्ति पक्ष - कौरव है। इनके साथ सुषुम्ना में स्थित छः चक्रों में नीचे का पांच चक्र मन की निर्वृत्ति पक्ष पांडव है - यह सभी हमारे आत्मज है।

आत्मा एवं आत्मज वास्तविक अर्थों में एक है और एक दूसरे से अभिन्न है। उसी एक से अनेक की सृष्टि होती है। वह स्वयं गुरु भी हैं और शिष्य भी, वहीं स्वयं कृष्ण हैं और स्वयं अर्जुन भी। साधक स्वयं अर्जुन रूप में अपने अंतःकरण से प्रश्न करता है और उसका अंतःकरण ही कृष्ण के रूप में उत्तर देता है। साधारण साधक साधना के प्रारंभिक दौर में निवृत्ति पक्ष पांडवों द्वारा प्रवृत्ति पक्ष कौरवों के विनाश के भय से चिंतित होकर साधना रूपी अपना धनुष त्यागना चाहता है। वह सोचता है कि साधना के फल के प्रभाव से उसके इंद्रियों का नाश हो जाएगा और संतान प्राप्ति की इच्छा का ह्रास होकर उसके कुल का भी विनाश होगा। साधना के उच्च स्तर पर आरूढ़ होकर ही साधक कुल अर्थात् 'आत्म' का सटीक बोध कर पाता है और सुदीर्घ साधना का फल अर्थात् 'आत्मज' का सही अर्थ समझ पाता है।

- \* \* \* -

जिस प्रकार एक शक्तिशाली चुंबक किसी एक चुंबकीय क्षमता युक्त पदार्थ को आसानी से पहचान लेता है इसी तरह एक पहुंचे हुए योगी श्री माहेश्वरी प्रसाद दुबे ने कोलकाता के एसएसकेएम मेडिकल कॉलेज अस्पताल में सेवारत, एक अपरिचित, युवा जैव रसायन वैज्ञानिक, डॉक्टर सुधीन राय की छिपी हुई आध्यात्मिक क्षमता को पहचान लिया था और उस योगी पुरुष ने अपने बाकी शिष्यों से कहा था कि - इस लड़के को अच्छी तरह से देख लो ये आत्म उपासना के पथ पर बहुत दूर तक जाएगा और भविष्य में अनेक लोगों का मार्गदर्शन करेगा। यद्यपि उस समय वह युवा वैज्ञानिक अपने वास्तविक स्वरूप से पूर्णतया अनभिज्ञ था।

जब एसएसकेएम पीजी अस्पताल के लिफ्ट के पीछे आती हुई आवाज को सुनकर उस युवा वैज्ञानिक ने अपना सर घुमाया, तो गठीले शरीर धारी उस योगी को, उसने गांव में वरजिश करने वाला कोई पहलवान समझा। हालांकि उनके ललाट और चक्षुओं में एक अलग प्रकार की चमक थी और भी आश्चर्य की बात ये थी कि उस योगी ने जाते-जाते तरुण से कहा 'तुम्हारे साथ मेरी भेंट फिर होगी'।

इस घटना के लगभग 10-12 साल बाद एक दिन युवक काम से घर लौट रहा था कि तभी अपने मित्र श्री रुद्र भट्टाचार्य महाशय से उसकी मुलाकात बस में होती है। अपने मित्र के चेहरे पर एक विशेष परिवर्तन के संदर्भ में पूछ कर उसे दुर्लभ क्रिया योग के बारे में जानकारी मिली और अपने मित्र से यह भी जाना कि योग शिक्षा देने के अधिकारी उनके गुरु श्री दुबे



जी कलकत्ता से दूर गोरखपुर में रहते हैं और कुछ समय के लिए अभी कलकत्ता आए हुए हैं। धीरे-धीरे इस विषय में युवक की रुचि बढ़ती चली गई।

क्रिया दीक्षा लेने की इच्छा अब प्रबल हो चुकी थी इस संदर्भ में तरुण का एक या दो स्थानों पर जाना भी हुआ पर उचित संयोग नहीं बैठा। अपने मित्र रुद्र से क्रिया योग के बारे में सुनने के दो वर्ष पश्चात अचानक उन्हें ये पता चला कि गोरखपुर निवासी वह योगी अभी कलकत्ता में नीमतला नामक स्थान पर रह रहे हैं। एक दिन नीमतला जाना भी हुआ लेकिन उनसे भेंट नहीं हो पाई। सन 1992 की एक रविवार दुबे जी से भेंट करने के उद्देश्य से वह एक बार फिर अपने मित्र को लेकर गंतव्य के लिए रवाना हुआ।

दुबेजी को उस दिन गोरखपुर लौटना था। छोटी आयु से ही सर्प दर्शन सुधीन के जीवन में शुभ संवाद का सूचक रहा था जो उनके जीवन के कई घटनाओं में परिलक्षित हुआ है। उस दिन भी उत्तरपाड़ा के रेलवे स्टेशन पर सपेरे के पास साँप देख कर उनको ये समझ में आ गया कि उपयुक्त समय का पदार्पण हो चुका है - अब गुरु से भेंट निश्चित है। नीमतला स्थित गुरु गृह के प्रवेश द्वार पर दुबेजी से मिलकर वह तरुण को बहुत परिचित से लगे। चौड़ी कद काठी वाले प्रवीण योगी मंद-मंद मुस्कुरा रहे थे - मानो कह रहे थे कि - 'आओ तुम्हारी प्रतीक्षा थी'। शिष्य के गृह में प्रवेश करते ही उन्होंने कहा - 'मैंने तुमसे नहीं कहा था कि तुम्हारी और मेरी मुलाकात फिर होगी'।

वह विशेष रविवार, क्रिया शिक्षा प्रदान करने का दिन था। रीती नीति अनुसार दीक्षा पूरी हुई। दीक्षा के उपरांत एकांत में गुरु ने अपने नवीन शिष्य से पूछा - 'कहाँ खो गए थे? क्या दर्शन हुआ'? मंद मुस्कुराहट के साथ शिष्य ने सरलता से उत्तर दिया - 'जो आपने दृश्य दिखाया उसी का दर्शन किया'। और प्रश्नों के उत्तर में विराट ज्योति पुंज में धीरे-धीरे लीन हो जाने का अनुभव भी बताया। हालांकि ज्योति दर्शन पहले से ही युवक के नाना श्री ने युवक के उपनयन संस्कार के समय करवा दिया था - इस घटना का उल्लेख भी युवक ने गुरु के समक्ष किया उत्तर में गुरु ने प्रसन्नता से कहा - 'तुम तो पहले से ही कितना क्रिया करके आए हो'?। इस महादीक्षा के दिन दो महान साधकों का मिलन हुआ - ठीक जैसे राम के गुरु शिव, और शिव के गुरु राम। 1992 के उस रविवार के दिन, लगभग अनजाने में ही चुंबकीय क्षमता संपन्न, वह दुबला-पतला शिव उपासक, हिमाचल सदृश प्रसन्न स्वभाव वाले महान योगी के अमोघ चुंबकत्व से आकर्षित होकर क्रिया परम्परा में आबद्ध हुए।

